
চশমা নিয়ে গুবলেট

রাফাজ ছিল গ্রামের সবচেয়ে কল্পনাপ্রবণ ও অলস ছাত্র। পড়তে চাইত না, কিন্তু নতুন কিছু করতে খুব আগ্রহী ছিল। একদিন সে তার দাদার পুরনো আলমারি ঘেঁটে বের করল একটা অদ্ভুত এক চশমা






রাফাজ দেখলো
চশমার গায়ে
লেখা আছে,
“জ্ঞান দেখে, কিন্তু
পড়তে হয় না!”



রাফাজ ভাবল, ব্যস । পড়া বাদ, শুধু চশমা পরে পরীক্ষায় নামলেই হলো । পরদিন সে চশমা পরে স্কুলে গেল । শিক্ষক প্রশ্ন করলেন, “মহাবিশ্বের সূচনা কীভাবে হয়েছিল?”




রাফাজ চশমা পরে তাকাল… আর মনে মনে উত্তর ভেসে এলো- “বিস্ফোরণে! মানে বিগ ব্যাং!” ক্লাসের সবাই অবাক- “রাফাজ জানলো কীভাবে?”




রাফাজ চশমা পরে তাকাল এবং জবাব দিল- ১৯৭১ সালে!”




ক্লাসের সবাই বলল, “রাফাজ তো জিনিয়াস! আর রাফাজ ভাবল, বাঁচলাম!”



কিন্তু বিপত্তি ঘটল যখন একদিন শিক্ষক রাফাজকে প্রশ্ন করলেন, কাল রাতে তোমার মা কী রান্না করেছেন?” রাফাজ চশমা পরে তাকাল এবং উত্তর দিল- “কুমিরের ঝোল!”


পুরো ক্লাস এক মুহূর্ত থেমে থাকল… তারপর ফুঁসে উঠল হাসিতে!”
HA HA
HA



শিক্ষক বললেন, “রাফাজ-চশমা পরে ফাঁকিবাজির জবাব দেওয়া যায় কিন্তু পরীক্ষা দেওয়া যায় না। কিন্তু কুমিরের ঝোল যদি রান্না হয়, আমিও খাব!”


তখন রাফাজ বুঝল, shortcut
সবসময় smart-cut নয়! প্রতিজ্ঞা
করল- জীবনে আর কখনো shortcut
পথ দিয়ে চলবে না ।